# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 14.07.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে গণতন্ত্র রক্ষায় শুভবুদ্ধিসম্পন্ন সমস্ত শ্রেণীর মানুষকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন, রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। ২১-শে জুলাই গণতন্ত্র হত্যা দিবস কর্মসূচী পালন করবে বিজেপি।

২) রাজ্যের চার বিধানসভা আসনের বিজয়ী প্রার্থীদের দ্রুত শপথ বাক্য পাঠ করানোর অনুমতি চেয়ে রাজ্যের পরিষদীয় দফতর রাজ্যপালকে চিঠি দিচ্ছে।

৩) শহরাঞ্চলে দৃশ্যদূষণ ঠেকাতে নতুন হোর্ডিং নীতি তৈরি করছে রাজ্য সরকার।

৪) কলকাতার কাশীপুরে তোলা আদায়, প্রোমোটারকে মারধোর ও লুটপাঠের ঘটনায় অভিযুক্ত ৬ জনের ১৮-ই জুলাই পর্যন্ত পুলিশ হেফাজত।

৫) নিম্নচাপ অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের পাশাপাশি সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টি হচ্ছে।

ooooooooooooooooooooooooo

রাজ্যে গনতন্ত্র রক্ষায় শুভবুদ্ধিসম্পন্ন সমস্ত শ্রেনীর মানুষকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রাজ্যে ভোট পরবর্তী হিংসার প্রতিবাদে প্রস্তাবিত কর্মসূচি বিজেপি আজ রাজভবনের সামনে ধর্নায় বসে। বিরোধী দলনেতা ছাড়াও, দলের পরিষদীয় দলের কয়েকজন সদস্য সেখানে উপস্থিত ছিলেন। যোগ দেন দলের নেতা তাপস রায় ও রুদ্রনীল ঘোষ। রাজ্যে বিরোধীদের ওপর আক্রমণ ও মহিলাদের ওপর নির্যাতন কেন হচ্ছে সে বিষয়ে মুখ্যমন্ত্রীর কাছে জবাব চাওয়া হয়। বিরোধী দলনেতা তৃণমূল কংগ্রেস সরকারকে ক্ষমতাচ্যুত করার আহ্বান জানান।

( বাইট – শুভেন্দু)

২১-শে জুলাই তৃণমূল কংগ্রেসের শহীদ দিবসের দিন রাজ্যজুড়ে গণতন্ত্র হত্যা দিবস কর্মসূচী পালন করা হবে বলে জানিয়েছেন শুভেন্দুবাবু। ঐদিন রাজ্যের সব থানার সামনে বিক্ষোভ দেখাবেন বিজেপি কর্মী সমর্থকরা।

(বাইট – শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০

একুশে জুলাই দিনটিকে কেন্দ্র করে সস্তা প্রচারের চেষ্টা হচ্ছে বলে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ কটাক্ষ করেছেন। আজ সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, প্রচারের আলোয় আসার জন্য একুশে জুলাই দিনটিতে কোন কোন দল জেগে ওঠে।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ৪ বিধানসভা কেন্দ্রের সাম্প্রতিক উপনির্বাচনের বিজয়ী প্রার্থীদের দ্রুত শপথ বাক্য পাঠ করানোর অনুমতি চেয়ে রাজ্যের পরিষদীয় দফতর,

রাজ্যপালকে চিঠি দিচ্ছে। পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায় জানিয়েছেন, চিঠিতে ৪ জন নতুন বিধায়কের শপথগ্রহণের জন্য রাজ্যপাল সি ভি আনন্দ বোসকে উদ্যোগী হতে অনুরোধ করা হবে। নির্বাচন কমিশন বিধায়কদের জয়ের বিষয়টি বিধানসভার সচিবালয়কে জানালে সেই কাগজপত্র বিধানসভা এবং রাজ্য সরকারের পরিষদীয় দফতরের পক্ষ থেকে পাঠানো হবে রাজভবনে। তার পরই, শপথগ্রহণ অনুষ্ঠান কবে হবে সে বিষয়ে সিদ্ধান্ত নেবেন রাজ্যপাল। প্রসঙ্গত রাজ্যপালের অনুমোদন না পাওয়ায় সাম্প্রতিককালে বরানগর এবং ভগবানগোলার বিজয়ী দুই প্রার্থীর শপথ গ্রহণ দীর্ঘ সময় আটকে ছিল।

oooooooooooooooooooooo

শহরাঞ্চলে দৃশ্যদূষণ ঠেকাতে রাজ্য সরকার নতুন হোর্ডিং নীতি তৈরি করেছে। হেরিটেজ ভবন, শ্মশান, কবরস্তান, জলাশয় এবং বানাঞ্চলে হোর্ডিং লাগানো সম্পূর্ণ নিষিদ্ধ করা হচ্ছে। প্রতিটি পুরসভাকে নো হোর্ডিং জোন চিহ্নিত করতে বলা হয়েছে। নতুন হোর্ডিং নীতিতে স্পষ্ট জানানো হয়েছে, বিজ্ঞাপনের হোর্ডিং লাগাতে গিয়ে কারোর বাড়িতে আলো-বাতাস চলাচল বন্ধ করা যাবে না। জীবনহানির আশঙ্কা রয়েছে, এমন এলাকায় হোর্ডিং লাগানোর অনুমতি দেওয়া হবে না। হোর্ডিং লাগানোর ফলে শহরের নান্দনিক সৌন্দর্য ব্যাহত হচ্ছে কিনা, তাও বিবেচনা করে দেখা হবে। পাশাপাশি হোর্ডিং-এ লাল ও সবুজ আলোর ব্যবহার পুরোপুরি নিষিদ্ধ করা হচ্ছে। পুরো মন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন, পুরসভাগুলিকে এখন থেকে বাধ্যতামূলকভাবে নতুন হোর্ডিং নীতি মেনে চলতে হবে।

উল্লেখ্য, দিন কয়েক আগে মুখ্যমন্ত্রী যত্রতত্র হোর্ডিং লাগানো নিয়ে ক্ষোভ প্রকাশ করেছিলেন।

oooooooooooooooooooo

রাজ্য সরকারী কর্মচারীদের বকেয়া মহার্ঘ্যভাত ডি এ মামলা আগামীকাল সুপ্রিম কোর্টে উঠছে। বিকেল নাগাদ মামলাটির শুনানি হওয়ার কথা। বিচারপতি ঋষিকেশ রায়-এর ডিভিশন বেঞ্চে মামলার শুনানি হবে। এর আগে ১১ বার সুপ্রিম কোর্টে মামলাটি শুনানির জন্য নির্ধারিত হলেও সুপ্রিম কোর্ট কোন নির্দেশ দেয়নি।

উল্লেখ্য, প্রায় ৪ মাস পর এই মামলার ফের শুনানি হওয়ার কথা।

ooooooooooooooooooo

কলকাতার কাশীপুরে 'বিধায়কের নাম করে' তোলা আদায়, প্রোমোটারকে মারধোর, অফিস ভাঙচুর ও লুটপাটের অভিযোগে পুলিশ মূল অভিযুক্ত অভিজিৎ মন্ডল ওরফে রানা সহ মোট ছয় জনকে গ্রেপ্তার করেছে। আজ তাদের শিয়ালদহ আদালতে তোলা হলে, আদালত ১৮ ই জুলাই পর্যন্ত পুলিশ হেফাজত দিয়েছে। অভিযোগ রানা ও তার দলবল কাশীপুর থানা এলাকায় এক প্রোমোটার এর অফিসে চড়াও হয়ে পাঁচ লক্ষ টাকা দাবি করে। তা দিতে অস্বীকার করলে শুরু হয় বচসা। ভাংচুর এর পাশাপাশি মারধোর করা হয় প্রমোটারকে। তাঁর প্রায় দুই লক্ষ টাকার একটি হীরের আংটি খোয়া যায় বলে ঐ ব্যক্তি থানায় অভিযোগ দায়ের করেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

অপরাধ করলে অভিযুক্তকে সাজা পেতে হবে। পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন।

(বাইট – ফিরহাদ)

oooooooooooooooooooooo

উত্তর দিনাজপুর জেলার ইসলামপুরের শ্রীকৃষ্ণপুরে দুষ্কৃতিদের গুলিতে নিহত তৃণমূল কংগ্রেস নেতা বাপী রায়ের দেহ গ্রামে পৌঁছতেই গ্রামবাসীরা মৃতদেহ নিয়ে রাস্তা অবরোধ করেন। পুলিশ প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন তারা। ২৪ ঘণ্টা পার হয়ে গেলেও পুলিশ এখনও দুষ্কৃতিদের কেন গ্রেফতার করতে পারেনি, সেই প্রশ্ন উঠছে।

এদিকে, এই খুনের ঘটনায় সিবিআই তদন্তের দাবি তুলেছে পরিবার।

oooooooooooooooooo

কলকাতার হাতিবাগান এলাকায় বিধানসরণী ও কাশীবোস লেনের সংযোগস্থলে জল সরবরাহের জন্য মাটি খুঁড়তে গিয়ে গতকাল এক মহিলার পচাগলা দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। আজ তাঁর পরিচয় জানা গেছে বলে পুলিশ সূত্রে খবর। সুপর্ণা শীল নামে ঐ মহিলার বাড়ি শ্যামপুকুর এলাকায়। পারিবারিক সূত্রে জানা গেছে, তিনি মানসিক ভারসাম্য হারিয়েছিলেন। কিভাবে তার মৃত্যু হয়েছে সেবিষয়ে তদন্ত চলছে।

oooooooooooooooooooooooooo

দু'দিন নিখোঁজ থাকার পর দক্ষিণ ২৪ পরগণার ফ্রেজারগঞ্জ থেকে ৭০কিমি দূরে সাগরের জল থকে উদ্ধার হয়েছে ট্রলার থেকে পড়ে যাওয়া মৎস্যজীবির দেহ। ডায়মন্ডহারবারের সুলতানপুর মৎস্যবন্দর থেকে এফবি বাবা লোকনাথ ট্রলারে চেপে ১৪ জন মৎস্যজীবী ইলিশ ধরতে গভীর সমুদ্রে পাড়ি দেন। গত ১১ জুলাই জম্বুদ্বীপ থেকে আরও গভীরে মাছ ধরার সময় পা পিছলে পড়ে যান ৫৫ বছরের মোহন মাঝি। এরপরই উপকূল রক্ষী বাহিনী আকাশ এবং জলপথে তল্লাশি শুরু করে। গতকাল কুলপির হাঁড়ার বাসিন্দা ঐ ব্যক্তির দেহ উদ্ধার করে হলদিয়া নিয়ে যাওয়া হয়। ময়নাতদন্তের পর আজ পরিবারের হাতে দেহ তুলে দেওয়া হবে।

oooooooooooooooooo

জেলবন্দি মাওবাদী নেতা অর্নব দামের পি এইচ ডি-তে ভর্তি নিয়ে জটিলতা কাটতে চলেছে। গতকালই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ইতিহাসে পিএইচডি-তে ভর্তির জন্য বিজ্ঞপ্তি জারি হয়েছে। ২৬-শে জুন ভর্তির ইন্টারভিউ-এর পর দেখা যায় হুগলী জেলা সংশোধনাগারে বন্দী মাও নেতা অর্নব দাম ওরফে বিক্রম  প্রথম স্থান অধিকার করেছেন। কিন্তু জেলে থাকা অবস্থায় কিভাবে পিএইচডি-র কোর্স ওয়ার্ক তিনি করবেন, সেবিষয়ে জটিলতা সৃষ্টি হয়।

এদিকে, অর্নবকে আজই কড়া নিরাপত্তায় হুগলী জেলা সংশোধনাগার থেকে বর্ধমান কেন্দ্রীয় সংশোধনাগারে নিয়ে আসা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

বেসরকারি মোবাইল পরিষেবা সংস্থাগুলি এক ধাক্কায় মাশুল অনেকটাই বাড়িয়ে দেওয়ায় রাষ্ট্রায়ত্ত ভারত সঞ্চার নিগম লিমিটেড বিএসএনএল এর সামনে ব্যবসা বৃদ্ধির নতুন সম্ভাবনার দরজা খুলে গিয়েছে। একই সঙ্গে ফোর জি পরিষেবা চালু হওয়া এবং মাশুল হার অপরিবর্তিত থাকার কারণে বহু মানুষ বিএসএনএলের দিকে ঝুঁকছেন।

সংস্থার কলকাতা সার্কেলের চিফ জেনারেল ম্যানেজার, দেবাশিস সরকার আকাশবাণীকে জানিয়েছেন পয়লা জুলাই থেকে এপর্যন্ত গোটা রাজ্যে ৫২ হাজারের বেশি গ্রাহক নতুন বিএসএনএল কানেকশন নিয়েছেন। অন্য সংস্থার থেকে পোর্ট করে বি এস এন এল এ আসা গ্রাহকের সংখ্যা ১৪ হাজার ৫০৬। এই সময় শুধুমাত্র কলকাতা সার্কেলে ১৬ হাজার ৫০০ জন বিএসএনএল মোবাইল সংযোগ নিয়েছেন। যার মধ্যে ৫৮০০ মানুষ এসেছেন অন্যান্য সংস্থার সংযোগ ছেড়ে। এত সংখ্যক মানুষকে পরিষেবা দেওয়ার পরিকাঠামো বিএসএনএলের আছে কিনা সে প্রশ্নের জবাবে

দেবাশিস বাবু জানান, সাম্প্রতিক কালে পরিকাঠামো ঢেলে সাজানোর কাজ শুরু হয়েছে।

( বাইট )

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ওপর দিয়ে বিস্তৃত নিম্নচাপ অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের পাশাপাশি সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টি হচ্ছে।

উত্তরবঙ্গের সব জেলায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা থাকলেও আগামীকাল উত্তরের আট জেলাতেই ঝড়-বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে। ভারী বৃষ্টি হতে পারে দার্জিলিং, কালিম্পং-এর মতো জেলাগুলিতে।

তবে, দক্ষিণবঙ্গে আপাতত ভারী বৃষ্টির পূর্বাভাষ নেই। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০